# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/মাদারীপুর-৯/১৩০ তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ / ০৭ জুন ২০২৬

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : ১। স্মারক নম্বর -বামাশিবো/প্রশা/মাদারীপুর-৯/১২০ তারিখ: ০৩.০৬.২০২৬খ্রি.;
২। স্মারক নম্বর ০৫.৪৫.৬১৩১.০০২.০১.০০৯.২৪.২৯৪ তারিখ: ২৮.০৪.২০২৬ খ্রি.;
৩। নং-বামাশিবো/প্রশা/৩৩০২৫১১০৭০৬১/১২০৩৭৫ তারিখ: ২৭-১০-২০২৫ খ্রি.;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন ক্রোকিরচর ইসলামিয়া বালিকা আলিম মাদ্রাসার অবসরপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মাওলানা গোলাম মোস্তফা নিজের আত্মীয় স্বজনদের দিয়ে জাল-জালিয়াতির মাধ্যমে পকেট কমিটি করেছেন এবং উক্ত কমিটির মাধ্যমে তৃতীয় শ্রেণীর কর্মচারীকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ দিয়েছেন এবং জাল-জালিয়াতির মাধ্যমে নিজের আত্মীয় স্বজন ৫ জনকে শিক্ষক হিসাবে নিয়োগ করেছেন মর্মে উক্ত গভার্নিং বডি বাতিল ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ১৬ জন শিক্ষক কর্মচারী কর্তৃক অভিযোগ দাখিল করা হয়েছে। অভিযোগের আলোকে উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুরকে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। পত্রের আলোকে উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর কর্তৃক তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তার মতামত অনুযায়ী দেখা যায় অবৈধভাবে দাতা সদস্য, অভিভাবক সদস্য ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ দেওয়ার অভিযোগ প্রমাণিত হয়েছে। উল্লেখ্য ইতোমধ্যে উক্ত গভর্নিং বডির সভাপতি, ০৩ (তিন) জন শিক্ষক সদস্য এবং ০১ (এক) জন অভিভাবক সদস্য পদ থেকে পদত্যাগ করেছেন মর্মে কাগজপত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায় অভিযোগ অভিযোগ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ৩নং স্মারকে অনুমোদিত গভর্নিং বডি কেন বাতিল করা হবে না তার সন্তোষজনক জবাব ১০ (দশ) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ( ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৭.০৭.২৬

১। সভাপতি/সদস্যবৃন্দ, গভর্নিং বডি
ক্রোকিরচর ইসলামিয়া বালিকা আলিম মাদ্রাসা;
২। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
ক্রোকিরচর ইসলামিয়া বালিকা আলিম মাদ্রাসা,
পো: সাহেবরামপুর, কালকিনি, মাদারীপুর।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/মাদারীপুর-৯/১৩০ তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ / ০৭ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, মাদারীপুর;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৭.০৭.২৬
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৭.০৭.২৬

D:\Admin - Committee\Belayet\inquiry\Inquiry-auto.docx